দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 APR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

01

যশোর শিক্ষা বোর্ড

# প্রতারিত ছাত্রছাত্রীরা এখন ভর্তি হচ্ছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে

জনকণ্ঠ রিপোর্ট

ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে প্রতারিত যশোর শিক্ষা বোর্ডের ছাত্রছাত্রীরা এখন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামে ভর্তি হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## প্রতারিত ছাত্রছাত্রীরা (প্রথম পাতার পর)

যশোর আঞ্চলিক কেন্দ্রে বৃহস্পতিবার পর্যন্ত ভর্তি হওয়া সাড়ে ৯ হাজার ছাত্রছাত্রীর অধিকাংশেই এবারকার এসএসসি পরীক্ষার পরীক্ষার্থী হিসাবে আবেদন করেছিল। কিন্তু ভুয়া রেজিস্ট্রেশন গ্রহণের দরুন তাদের পরীক্ষার আবেদন বাতিল করা হয়।

যশোর আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা জানান, দশটি জেলার ৫৮টি থানা থেকে এ ক'দিন বিপুলসংখ্যক ছাত্রছাত্রী ভর্তি হয়েছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামে। তারা জানিয়েছে, সরল বিশ্বাসে কিছু শিক্ষক এবং শিক্ষা বোর্ড কর্মচারীর কথায় মোটা অর্থ দিয়ে আমরা রেজিস্ট্রেশন গ্রহণ করি।